তারিখ ২৩/৫/৯১

032

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

# নিরক্ষরতা দূরীকরণ সফল হবে কি?

সারাদেশে নিরক্ষরতা দূরীকরণ অভিযান চলছে। আর এর অভিযানে দেশের সকল শ্রেণীই অক্ষরজ্ঞানসম্পন্ন মানুষের সাথে স্কুল-কলেজের সকল ছাত্র-ছাত্রীকেও বাধ্যতামূলকভাবে অংশ নিতে হচ্ছে। একজন এস,এস,সি পরীক্ষার্থীকে ২জন ও একজন এইচ.এস.সি পরীক্ষার্থীকে ১ জন নিরক্ষরকে অক্ষরজ্ঞানসম্পন্ন করতে হবে এবং তজ্জন্য ৫০ নম্বর নির্ধারণ করা হয়েছে। আমাদের দেশের স্কুল কলেজে অধিকাংশ ছাত্র-ছাত্রীকে নিতান্ত আর্থিক অনটনের মধ্য দিয়ে লেখাপড়া চালিয়ে যেতে হয়। উল্লেখ্য, অনেক ছাত্র-ছাত্রী আর্থিক অসুবিধার দরুন সমস্ত পাঠ্যপুস্তকও ক্রয় করতে অক্ষম। এসমস্ত কারণে একজন ছাত্র বা ছাত্রী নিজেই ভালভাবে পড়াশুনা করতে পারে না। এমতাবস্থায় পরীক্ষার প্রস্তুতির জন্য ছাত্র-ছাত্রীদের অত্যধিক পড়াশুনার চাপের সংগে নিরক্ষরতা দূরীকরণ কতদূর সফল হবে তা সরকার একবার ভেবে দেখেছেন কি?

গৌতম কর্মকার স্নাতক (সম্মান) ২য় বর্ষ, জগন্নাথ বিঃ কলেজ ছাত্রাবাস, ঢাকা।